# রাজধানীতে ফুটপাতের ড্রাম থেকে উদ্ধার খণ্ডিত মরদেহ



সংগৃহীত ছবি

রাজধানীর জাতীয় ঈদগাহ মাঠসংলগ্ন ফুটপাত থেকে ড্রামের ভেতর একটি খণ্ডিত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বৃহস্পতিবার (১৩ নভেম্বর) সন্ধ্যার দিকে এ ঘটনা ঘটে।

শাহবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খালিদ মনসুর জানান, ঈদগাহ মাঠের পানির পাম্পের পাশে দুটি প্লাস্টিকের ড্রাম পড়ে থাকতে দেখে সন্দেহ হলে পুলিশ ঘটনাস্থলে যায়। পরবর্তীতে একটি ড্রাম খুলে ভেতরে খণ্ড-বিখণ্ড মানবদেহ পাওয়া যায়, যার মধ্যে মাথাও ছিল।

ওসি আরও জানান, নিহত ব্যক্তির পরিচয় শনাক্তের চেষ্টা চলছে। কে বা কারা মরদেহটি সেখানে ফেলে গেছে, তা উদঘাটনে তদন্ত চলছে।

LENS ASIA